

শিক্ষক পালন

তারিখ
পৃষ্ঠা ১২ কলাম

ইসলামী বিশ্ববিদ্যালয়

ভিসি অফিসের সামনে আন্দোলনকারী শিক্ষকদের অবস্থান ধর্মঘট পালন

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে নিজস্ব সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১২৫ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর বেতন বন্ধ হওয়ার প্রতিবাদে ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের শিক্ষকদের আন্দোলনের ফলে বিজ্ঞান অনুষদ কার্যত অচল হয়ে পড়েছে। এ অনুষদের সকল ক্লাস ও পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে। আন্দোলনকারী শিক্ষকরা গতকাল ভিসি অফিসের সামনে এক ঘণ্টার অবস্থান ধর্মঘট করে এবং আজ দুপুর ১টার মধ্যে তাদের বেতন দেয়ার দাবি জানান।

পূর্ব ঘোষণা অনুযায়ী সকাল ১০টার মধ্যে বেতন না দেয়ায় এবং বিজ্ঞান অনুষদের মধ্যে দাঙ্গা পুলিশ প্রবেশ করায় শিক্ষকরা উপাচার্যের প্রতি আরও ক্ষিপ্ত হয়েছেন। উপাচার্য বর্তমানে ঢাকায় অবস্থান করছেন। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১২৫ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ১লা আগস্ট ছুটাই মাসের বেতন না পাওয়ায় ওই দিন থেকে আন্দোলন শুরু করেছেন। আন্দোলনের ফলে বিশেষ করে বিজ্ঞান অনুষদের অ্যাকাডেমিক ও প্রশাসনিক

কার্যক্রম বন্ধ হয়ে গেছে। গতকাল আন্দোলনের দ্বিতীয় দিনে বেতনের দাবিতে উপাচার্যের কার্যালয়ের সামনে দুপুর ১ থেকে ২টা পর্যন্ত শিক্ষক, কর্মকর্তারা অবস্থান ধর্মঘট করেছেন। আজ আন্দোলনকারীরা কাপো বাক্স ধারণ ও বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভিসি ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করবে এবং আজকের মধ্যে বেতন দেয়ার পালন : পৃঃ ২ কঃ ৮

পালন : ধর্মঘট

(১২ পৃষ্ঠার পর)

স্থায়ী ব্যবস্থা না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করবেন।

এদিকে উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মোস্তাফিজুর রহমান ৫ দিন ধরে ঢাকায় অবস্থান করায় বর্তমানে বিশ্ববিদ্যালয়ের পরিহিত সম্পর্কে তার বক্তব্য জানা সম্ভব হচ্ছে না। ট্রেজারার প্রফেসর মো. মোশাররফ হোসেন গতকাল সাংবাদিকদের বলেন, শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রী যদি এ উন্নয়নমূলক খাতে নিয়োগ প্রাপ্তদের বেতন দিতে বলেন, তাহলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের বেতন দিতে পারবেন।

শিক্ষক পালন